# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ রাসূলুল্লাহ (ﷺ) বিষয়ক জাল হাদীস

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১৩. ঈমানদার মুসলমান আল্লাহর নূর দ্বারা সৃষ্ট

দাইলামী (৫০৯) তার 'আল-ফিরদাউস' নামক পুস্তকে ইবনু আববাস (রা)-এর সূত্রে রাসূলুল্লাহ (ﷺ) থেকে বর্ণনা করেছেন:

اَلْمُؤْمِنُ يَنْظُرُ بِنُوْرِ اللهِ الَّذِيْ خُلِقَ مِنْه

“মুমিন আল্লাহর নূরের দ্বারা দৃষ্টিপাত করেন, যে নূর থেকে তাকে সৃষ্টি করা হয়েছে।”[1]

এটি একটি সনদ-বিশিষ্ট জাল হাদীস। এর একমাত্র রাবী মাইসারাহ ইবনু আব্দু রাবিবহ দ্বিতীয়-তৃতীয় হিজরী শতকের অন্যতম প্রসিদ্ধ জালিয়াত। ইমাম বুখারী, আবু দাউদ, আবু হাতিম, ইবনু হিববান-সহ সকল মুহাদ্দিস এ বিষয়ে একমত। তাঁরা তার 'রচিত' অনেক জাল হাদীস উল্লেখ করেছেন।[2]

## ফুটনোট

[1] দাইলামী, আল-ফিরদাউস ৪/১৭৮; সাখাবী, আল-মাকাসিদ, পৃ. ৪৩৬; তাহির পাটনী, তাযকিরা, পৃ. ১৯৫; আজলূনী, কাশফুল খাফা ২/৩৯০।

[2] যাহাবী, মীযানুল ই'তিদাল ৬/৫৭৪-৫৭৫; ইবনু হাজার, লিসানুল মীযান ৬/১৩৮-১৩৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4799

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন